

সারাদেশ

আটোয়ারীতে প্রান্তিক পেশাজীবীদের ১০ দিনব্যাপী সফটস্কিলস প্রশিক্ষণ শুরু

প্রতিবেদক: আটোয়ারী (পঞ্চগড়) প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২৯ সেপ্টেম্বর ২০২৬, ০৭:৪৮ PM



পঞ্চগড়ের আটোয়ারীতে বাংলাদেশের প্রান্তিক পেশাজীবী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্পের আওতায় ১০ দিনব্যাপী সফটস্কিলস প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) দুপুরে উপজেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ প্রশিক্ষণ কর্মসূচির সূচনা হয়। উপজেলা নির্বাহী অফিসার ফাহিমদা সুলতানা'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পঞ্চগড় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোসাঃ শুরিয়া পারভীন।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা তৌকির আহমেদ-এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন পঞ্চগড় জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক অনিল চন্দ্র বর্মণ।

এসময় আরো উপস্থিত ছিলেন জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার সোহেল রানা, আটোয়ারীতে সদ্য যোগদানকৃত সহকারী

কমিশনার (ভূমি) প্রশান্ত কুমার ও ঠাকুরগাঁও প্রবেশন কার্যালয়ের সমাজসেবা অফিসার নাজমুজ সাকিব।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা তৌকির আহমেদ জানান, প্রশিক্ষণে মোট ৩০ জন প্রান্তিক পেশাজীবী অংশ নিচ্ছেন।

এর মধ্যে কামার, নাপিত, বাদ্যযন্ত্র, বাঁশ-বেতসহ বিভিন্ন শিল্পের প্রশিক্ষার্থী রয়েছেন। প্রশিক্ষণ কর্মশালায় নিজ নিজ পেশাগত কৌশলের পাশাপাশি যোগাযোগ দক্ষতা, আচরণ, গ্রাহক সেবা, পেশাগত শিষ্টাচার, আত্মবিশ্বাস ও সমস্যা সমাধানের নানা বিষয়ে ধারণা দেওয়া হবে।

এ উদ্যোগ প্রান্তিক জনগোষ্ঠীর আয় বৃদ্ধি ও স্বাবলম্বী হওয়ার ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাখনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/atoyarite-prantik-peshajibider-10-dinbjapi-sftskils-prshikshn-shuru>